# নতুন ঋণ প্রোডাক্ট ‘স্বপ্ননীড়’ এর শুভ উদ্বোধন

আজ ১৯ মার্চ, রবিবার বিএইচবিএফসি’র নতুন হোম লোন ও বিনিয়োগ প্রোডাক্ট 'স্বপ্ননীড়’ এর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করা হয়েছে। ঢাকায় বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে অর্থ মন্ত্রণালয়ের, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মাননীয় সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ প্রধান অতিথি হিসেবে এর শুভ উদ্বোধন করেন। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: আব্দুল মান্নান- এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ উদ্বোধনী অনুষ্ঠানে বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ, পর্ষদের দুই পরিচালক যথাক্রমে জনাব অমল কৃষ্ণ মন্ডল (অতিরিক্ত সচিব) ও জনাব মো: মুসলেহ উদ্দিন (অতিরিক্ত প্রধান প্রকৌশলী) বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও এফআইডি'র যুগ্মসচিব জনাব মাকসুমা আকতার বানু, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মো: শিহাব উদ্দিন, বিএইচবিএফসি’র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরীসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী এবং মিডিয়া প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহন করেন।

কর্পোরেশনের মাঠ পর্যায়ের সর্বস্তরের কর্মকর্তাবৃন্দ ভার্চুয়ালি অনুষ্ঠানে সংযুক্ত ছিলেন।






